

পরিপত্র

বিষয়: কস্বল/চাঁদর/শীতবস্ত্র বরাদ্দ/বন্টনের নীতিমালা।

যেহেতু প্রায় প্রতি বছরই দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করতে হয় সেহেতু সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, শীত মৌসুম শুরু হওয়ার পূর্বেই দুঃস্থদের জন্য কস্বল, চাঁদর ও শীতবস্ত্র ক্রয়পূর্বক মজুদ সংরক্ষণ প্রয়োজন। সে লক্ষ্যে জেলা প্রশাসকগণের নিকট হতে স্থানীয় চাহিদার ভিত্তিতে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ে চাহিদাপত্র পাঠাবেন। মন্ত্রণালয় এ খাতে বাজেটে বরাদ্দকৃত অর্থ মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর বরাবর ন্যসম্ম করবে। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর উক্ত অর্থে পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণপূর্বক কস্বল/চাঁদর/শীতবস্ত্র কেন্দ্রীয়ভাবে ক্রয় করে সংরক্ষণ করবেন। সংরক্ষিত/গুদামজাত কস্বল/চাঁদর/শীতবস্ত্র বিতরণের নিমিত্ত জেলা প্রশাসকগণের চাহিদা ও শীতপ্রধান এলাকা এবং দুঃস্থতা ও জনসংখ্যার ভিত্তিতে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ প্রদান করবেন।

- ২। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দাদেশ জারী করবেন এবং হিসাব সংরক্ষণ করবেন।
- ৩। সরকার পরিস্থিতি বিবেচনায় এই পরিপত্রের যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন এবং পরিমার্জন করতে পারবে।
- ৪। এই পরিপত্র জারীর প্রেক্ষিতে খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় হতে ইতোপূর্বে এ সংক্রান্ত জারীকৃত পরিপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।

(মোহাম্মদ আবদুল ওয়াজেদ)
যুগ্ম-সচিব (দুঃ ব্যঃ)।

বতরণ: অবগতি ও কার্যার্থে:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৬। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ৭। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
- ৮। জেলা প্রশাসক (সকল)।
- ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। মাননীয় মেয়র এর একান্ত সচিব,সিটি কর্পোরেশন (সকল)।
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। মেয়র, পৌরসভা, (সকল)।
- ১৩। উপজেলা চেয়ারম্যান (সকল)।
- ১৪। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, (সকল)।
- ১৬। যুগ্ম-সচিব (দুঃ ব্যঃ)/উপ-সচিব (ত্রাক-১/২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ঢাকা।

(সায়লা ফারজানা)
সিনিয়র সহকারী সচিব(ত্রাক-৩)।